

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.mohfw.gov.bd



স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০৪৮.২০১৬-৩২২

তারিখঃ ২৮-০৪-২০২০খ্রিঃ


বিষয়ঃ রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউ ইউনিটের জন্য করোনা পরিস্থিতির কারণে Biosafety Cabinet for ICU Bed জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়ের অনুমোদন প্রদান।

সূত্রঃ রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- রামেফহা/প্রশাসন/২০২০/১৬৫৫, তারিখঃ ৩১-০৩-২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের করোনা রোগীসহ সকল রোগীর চিকিৎসা সেবা উন্নত করার জন্য জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় পদ্ধতিতে ০৫টি Biosafety Cabinet for ICU Bed ক্রয়ের জন্য (৫X৬,৩২,০০০/-)=৩১,৬০,০০০/- (একত্রিশ লক্ষ ষাট হাজার) টাকার প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো। উল্লেখ্য, স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে ২৭-০৪-২০২০খ্রি. তারিখে ৩২০নং স্মারকে এ সংক্রান্ত ১টি পরিপত্র জারী করা হয়েছে। এই পরিপত্রের আলোকে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণ করতে হবে।

শর্তাবলীঃ

- (ক) অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী ক্রয় কার্য সম্পন্ন করার পর ক্রয়কারী কার্যালয় (PE) ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করবে;
- (গ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
- (ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২০ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।


২৮.০৪.২০২০
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৯২৭

পরিচালক,
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
রাজশাহী।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃঃআঃ-পরিচালকঃ (অর্থ)]।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অতিরিক্ত সচিব (বাজেট/হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।